দৈনিক
ইত্তেফাক

তারিখ 02 APR 2018
পৃষ্ঠা ২০ কলাম ৫

# এইচএসসি পরীক্ষা আজ শুরু

■ ইত্তেফাক রিপোর্ট

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা আজ সোমবার শুরু হচ্ছে। সকাল ১০টায় শুরু হয়ে চলবে দুপুর ১টা পর্যন্ত।

আজ পরীক্ষার প্রথম দিনে সাধারণ আট বোর্ডের অধীনে বাংলা ১ম পত্র (আবশ্যিক), সহজ বাংলা ১ম পত্র, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি ১ম পত্র, মাদরাসা বোর্ডের অধীনে কোরআন মাজিদ ও কারিগরি বোর্ডের অধীনে বাংলা ১ম পত্র (আবশ্যিক) পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা শেষ হবে ১৩ মে। ১৪ মে ব্যবহারিক পরীক্ষা শুরু হয়ে ২৩ মে শেষ হবে।

এবারও শুরুতে বহুনির্বাচনী (এমসিকিউ) এবং পরে রচনামূলক অংশের পরীক্ষা হবে। ৩০ নম্বরের বহুনির্বাচনী পরীক্ষার সময় ৩০ মিনিট এবং ৭০ নম্বরের সৃজনশীল পরীক্ষার সময় আড়াই ঘণ্টা।

পরীক্ষা শুরুর ২৫ মিনিট আগে কেন্দ্রীয়ভাবে লটারির মাধ্যমে প্রশ্ন সেট নির্ধারণ করে সব বোর্ডে অভিন্ন প্রশ্নে পরীক্ষা পৃষ্ঠা ২ কলাম ৭

## এইচএসসি পরীক্ষা

২০ পৃষ্ঠার পর

অনুষ্ঠিত হবে। পরীক্ষার্থীদের পরীক্ষার ৩০ মিনিট আগে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকার জন্য মন্ত্রণালয়ের কঠোর নির্দেশনা রয়েছে।

এবার সারা দেশে ১০টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি ও সমমানের পরীক্ষায় ১৩ লাখ ১১ হাজার ৪৫৭ পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। এর মধ্যে সাধারণ আট বোর্ডে শিক্ষার্থী সংখ্যা ১০ লাখ ৯২ হাজার ৬০৭ জন। তার মধ্যে ছেলে ৫ লাখ ৫২ হাজার ৬১২ এবং মেয়ে ৫ লাখ ৩৯ হাজার ৯৯৫ জন। অন্যদিকে, মাদরাসা বোর্ডের পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ১২৭ জন। যার মধ্যে মেয়ে ৪৪ হাজার ১৩৫, ছেলে ৫৫ হাজার ৯৯২ জন। এছাড়াও কারিগরি শিক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ১৭ হাজার ৭৫৪।

আজ সকালে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রাজধানীর বেইলি রোডের সিদ্ধেশ্বরী গার্লস কলেজের পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করবেন। অন্যদিকে, একই সময়ে পুরান ঢাকার বকশিবাজার আলিয়া মাদরাসা কেন্দ্র পরিদর্শন করবেন শিক্ষা প্রতিমন্ত্রী কাজী কেরামত আলী।

এইচএসসি ও সমমানের পরীক্ষার সময় দেশের সব মোবাইল ব্যাংকিং কার্যক্রম নজরদারির নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। গতকাল বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট থেকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। দেশের সব মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর কাছে পাঠানো প্রজ্ঞাপনে বলা হয়েছে, এমএফএস (মোবাইল ব্যাংকিং) হিসাবের মাধ্যমে সম্পাদিত লেনদেন কঠোর নজরদারির আওতায় রাখতে হবে। সব এমএফএস প্রোভাইডার স্ব-স্ব ডিস্ট্রিবিউটর অথবা সুপার এজেন্ট, এজেন্ট ও গ্রাহকদের এই নির্দেশনার বিষয়ে বিস্তারিত জানাবেন। এছাড়া এজেন্টদেরও যথাযথ নজরদারির আওতায় রাখবেন। যে সব মোবাইল হিসাবে অস্বাভাবিক লেনদেন দেখা যাবে, সে সব লেনদেনকারীর তালিকা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আইন প্রয়োগকারী সংস্থায় পাঠাতে হবে।